দৈনিক ইত্তেফাক

22

তারিখ 0 5 DEC 1996
পৃষ্ঠা ১ কলাম ৭

# একের পর এক প্রশ্নপত্র ফাঁস

আনোয়ার আলদীন ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চলমান ডিগ্রী পরীক্ষার প্রশ্নপত্র একের পর এক ফাঁস হইয়া যাওয়ার অভিযোগ পাওয়া গিয়াছে। এই প্রেক্ষিতে গতকাল (বুধবার) অনুষ্ঠিত হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্রের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি তদন্তের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসিকে প্রধান করিয়া একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছে। আগামী ১৫ দিনের মধ্যে কমিটি রিপোর্ট পেশ করিবেন। অন্যান্য বিষয়ের প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে সুনির্দিষ্ট অভিযোগ পাওয়ার ভিত্তিতে ব্যবস্থা গৃহীত হইবে। গতকাল মধ্যরাত পর্যন্ত অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের এক বৈঠকে প্রশ্ন ফাঁসের বিষয় আলোচনাশেষে এই সিদ্ধান্ত গৃহীত হয়। এদিকে অভিযোগ পাওয়া গিয়াছে, অদ্য (বৃহস্পতিবার) অনুষ্ঠিতব্য হিসাববিজ্ঞান তৃতীয় পত্রের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হইয়া গিয়াছে। গতকাল রাত্রে রাজধানীর একটি কলেজের জনৈক শিক্ষক এই প্রশ্নপত্র নিয়া ইত্তেফাকে আসেন। বিভিন্ন কলেজের ডিগ্রী পরীক্ষার্থী-ছাত্র-ছাত্রী এবং কয়েকজন শিক্ষক জানান, এই পর্যন্ত ৬টি বিষয়ের প্রশ্নপত্রও ফাঁস হইয়াছে। এই প্রশ্নপত্র (১১শ পৃঃ দ্রঃ)

## একের পর এক

(১ম পৃঃ পর)

নিউমার্কেট ও আজিমপুর এলাকায় উচ্চমূল্যে বিক্রয় হইতেছে। গত ৯ই নভেম্বর হইতে দেশব্যাপী এই পরীক্ষা শুরু হইয়াছে। ইতিমধ্যে বিভিন্ন বিষয়ের ২০টি পরীক্ষা শেষ হইয়াছে।

গত রাত্রে বিভিন্ন পক্ষ হইতে ইত্তেফাকে টেলিফোন করিয়া আজকের হিসাববিজ্ঞান তৃতীয় পত্র পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগ করিয়া বলা হয়ঃ আজিমপুর, নিউমার্কেটসহ বিভিন্ন এলাকায় প্রশ্নপত্রের ফটোকপি ১০০ হইতে ১৫০ টাকা মূল্যে বিক্রয় হইয়াছে। এই ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত গতকাল রাত্রে যোগাযোগ করা হইলে তিনি জানান, আমাদের নিকট সুস্পষ্ট কোন অভিযোগ অথবা প্রমাণপত্র আসে নাই। কাজেই এই ব্যাপারে কিছু বলা সম্ভব নয়। তবে আজকের অবস্থা দেখিয়া একটি চূড়ান্ত সিদ্ধান্ত ঘোষণা করা হইবে।